# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

"বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে"

স্থাপিত - ১৯৮৪

BOESL

## সরকারিভাবে জর্ডানে গার্মেন্টস এ দক্ষ মহিলা কর্মী নিয়োগে সরাসরি সাক্ষাৎকার।

বিজ্ঞপ্তি নং-৪৯.০২.০০০০.০০০.০০১.১৩.২৩/৩২৩৯

তারিখ: ২২/১১/২০২৬

বোয়েসেল-এর মাধ্যমে জর্ডানের **Epic Designers LTD. Co.**-এর অধীনে নিম্নবর্ণিত পদে দক্ষ মহিলা কর্মী নিয়োগ করা হবে:

| ক্র.নং | পদের নাম | মেশিন | পদের সংখ্যা | মাসিক মূল বেতন |
|---|---|---|---|---|
| ০১. | মেশিন অপারেটর (শার্ট/প্যান্ট)<br>১.১। ওয়েস্টব্যান্ড এ্যাটাচ<br>১.২। ইনসিম জয়েন | ১.১। ফোল্ডার (Folder) & কানসাই (Kansai)<br>১.২। ফিট অব দ্যা আর্ম ফোল্ডার (FOA Folder) | ২০ | ১৩০ জেডি |
| ০২. | মেশিন অপারেটর (শার্ট/প্যান্ট)<br>২.১। সাইডসিম জয়েন<br>২.২। বটম হেম | ২.১। ফিট অব দ্যা আর্ম শার্ট (FOA Shirt)<br>২.২। ফোল্ডার (Folder) | ২০ | |
| ০৩. | মেশিন অপারেটর (নিট-টিশার্ট/জ্যাকেট)<br>৩.১। স্লিভ অ্যাটাচ / সাইড সিম / প্যানেল অ্যাটাচ<br>৩.২। বটম হেম/ অ্যাটাচ বটম<br>৩.৩। অ্যাটাচ বটম/রিব/নেক/কাফ | ৩.১। ফ্ল্যাট সিমার (Flat Seamer)<br>৩.২। ফ্ল্যাট লক (Flatlock)<br>৩.৩। ওভারলক (Overlock) | ১০০ | |

**প্রার্থীকে সংশ্লিষ্ট কাজের অন্তত ২ (দুই)টি প্রক্রিয়া সম্পাদনের ভিডিও সঙ্গে আনতে হবে, যা উপরে বর্ণিত প্রতিটি ক্যাটাগরির ক্ষেত্রে প্রযোজ্য। তবে, ক্রমিক নম্বর ৩ এর ক্ষেত্রে ২ (দুই) টি ভিডিও প্রদর্শন করা বাধ্যতামূলক।**

**অভিজ্ঞতা:**

সংশ্লিষ্ট কাজে ২-৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে (উপরে বর্ণিত সকল ক্যাটাগরির ক্ষেত্রে প্রযোজ্য)।

**বয়স:**

২০-৩৮ বছর।

**শিক্ষাগত যোগ্যতা:**

সর্বনিম্ন ৫ম শ্রেনী পাশ।

**চাকরির শর্তাবলি:**

(১) দৈনিক ০৮ (আট) ঘন্টা ডিউটি, সপ্তাহে ০৬ (ছয়) দিন এবং ওভারটাইম (স্বেচ্ছাধীন);
(২) চাকরির চুক্তি ০৩ (তিন) বছর (নবায়নযোগ্য);
(৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং যাতায়াত ব্যবস্থা করা হবে;
(৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফেরত আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে;
(৫) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত বলিয়া গণ্য হবেন;
(৬) একাধিক পাসপোর্ট থাকলে সঙ্গে আনতে হবে;
(৭) এনআইডি/ভোটার আইডি কার্ড থাকতে হবে;
(৭) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

**বোয়েসেল-এর সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ:**

নির্বাচিত কর্মীদের বোয়েসেল-এর সার্ভিস চার্জ, বর্হিগমন ট্যাক্স, ১৫% ভ্যাট, বোয়েসেল-এর রেজিস্ট্রেশন ফি, জীবন বীমা এবং ওয়েজ আর্নার্স কল্যাণ ফি বাবদ সমুদয় খরচ জর্ডানের নিয়োগকারী প্রতিষ্ঠান বহন করবে। তবে মেডিকেল ফি ১০০০ টাকা, পিডিও প্রশিক্ষণ ফি ৩০৫ টাকা, ফিঙ্গার প্রিন্ট ফি বাবদ ২০০ টাকা ও অঙ্গীকারনামা স্টাম্প বাবদ ৫০০ টাকা নির্বাচিত কর্মীদের বহন করতে হবে (উল্লেখ্য যে, শুধুমাত্র মেডিকেল ফি'র ১০০০ টাকা চূড়ান্তভাবে গমনকৃত কর্মীদের নিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধ করা হবে)।

**সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে:**

(১) ০৪ কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড সাদা), (২) মূল পাসপোর্ট, একাধিক পাসপোর্ট থাকলে অবশ্যই পাসপোর্ট সঙ্গে নিয়ে আসতে হবে, মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ০৫ (পাঁচ) সেট রঙিন ফটোকপি এবং পাসপোর্টের মেয়াদ কমপক্ষে ১ বছর থাকতে হবে, (৩) শিক্ষাগত/অভিজ্ঞতার সনদ (যদি থাকে) এবং (৪) ভোটার আইডির কপিসহ উল্লিখিত কাগজপত্র সাথে নিয়ে আগ্রহী প্রার্থীদের আগামী ২৭ নভেম্বর ২০২৬ তারিখ, রোজ শুক্রবার, সকাল ০৮:০০ ঘটিকার মধ্যে সরাসরি সাক্ষাৎকার/টেস্ট প্রদানের জন্য **মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র**, মিরপুর, ঢাকা-১২১৬, এ উপস্থিত থাকার অনুরোধ করা হলো। এ সংক্রান্ত কোন তথ্যের জন্য ০২-৪৮৩১৯১২৫, ০২-৪৮৩১৭৫১৫ ও ০২-৫৮৩১১৮৩৮ টেলিফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে। এছাড়াও প্রবাসবন্ধু কল সেন্টার ১৬১৩৫ এ যোগাযোগ করা যেতে পারে।

বি.দ্র.: বর্ণিত চাকুরির জন্য আপনাকে অবশ্যই ট্রেড-টেস্ট/যোগ্যতা প্রমাণের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। উল্লেখ্য, **ইন্টারভিউতে অংশগ্রহণের নিমিত্তে আবেদনকারীকে অবশ্যই বর্তমানে কর্মরত অফিসের পরিচয়পত্র সাথে রাখতে হবে।**

**বিএমইটি পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র হতে সংশ্লিষ্ট ট্রেডে প্রশিক্ষিত সনদধারীদের অগ্রাধিকার দেয়া হবে।**

(চূড়ান্তভাবে কর্মী নির্বাচন না হওয়া পর্যন্ত বোয়েসেল-কে কোন ফি প্রদান করতে হয় না এবং সকল ফি/চার্জ ব্যাংকের মাধ্যমে প্রদান করতে হয়)।

২২.১১.২০২৬

মোহাম্মাদ ফয়সালউদ্দিন
উপ-ব্যবস্থাপক
বোয়েসেল, ঢাকা।

নু-এমং মারমা
উপ-মহাব্যবস্থাপক
বোয়েসেল, ঢাকা


**অফিস ঠিকানা :**
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001:2015

**যোগাযোগ নম্বর :**
ফোন : +৮৮-০২-৪৮৩১৯১২৫ (পিএবিএক্স)
মোবাইল : +৮৮-০১৭৬৫৪১১৬৫৩
ই-মেইল : info@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd

রবিবার থেকে বৃহস্পতিবার (সরকারি ছুটির দিন ব্যতিত) সকাল ৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা।


bekarsfeed.com